

প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.৯৯.৯৫০.১৭-১৩২

তারিখঃ ০৯/০৯/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ পত্র নং NDE/CPTU/128/2018-01; তারিখঃ ১২/০৮/২০১৮ খ্রিঃ মারফত চাহিত মতামত।

উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্ণিত বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬) এর ধারা-৩১(৩) ও (৪) এর সংস্থান নিম্নরূপঃ


“(৩) উন্মুক্ত দরপত্র পদ্ধতির অধীন অভ্যন্তরীণ কার্য ক্রয়ের ক্ষেত্রে কোন দরপত্রদাতা কর্তৃক দরপত্রে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) ১০% (শতকরা দশ ভাগ) এর অধিক কম বা অধিক বেশী দর উদ্ধৃত করা হইলে উক্ত দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

(৪) উপধারা (৩) এ উল্লিখিত দরপত্র মূল্য সমতার ক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মূল্যায়ন ও কৃতকার্য দরদাতা নির্বাচন করিতে হইবে, কিন্তু লটারির মাধ্যমে কৃতকার্য দরদাতা নির্বাচন করা যাইবে না।”

০২। উপর্যুক্ত বিধানটি কেবল উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) অভ্যন্তরীণ (National) কার্য ক্রয় (Works) এর ক্ষেত্রে প্রযোজ্য। একধাপ দুই খাম দরপত্র পদ্ধতি বা দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতি ভিন্ন ক্রয় পদ্ধতি বিধায় [(পিপিএ, ২০০৬ এর ধারা-৩২(১))] উন্মুক্ত দরপত্র পদ্ধতি (অভ্যন্তরীণ কার্য ক্রয়) এর জন্য প্রযোজ্য এ বিধানটি অন্য কোন ক্রয় পদ্ধতির ক্ষেত্রে প্রয়োগযোগ্য নয়।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

Mr. Rizwan Mustafiz
Managing Director
National Development Engineering Ltd
House No-10 (Level-4, 7, 8, 11, 12, 13 & 14)
Road No-90, Gulshan-2, Dhaka.


(মোসাম্মা মাসুমা হাবিব)
উপ-পরিচালক
ফোন- ৯১৪৪২৫২/২০৩

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) অফিস কপি।